

COVID-19 টেস্টিং: প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ)

মূলত দু ধরনের টেস্ট আছে:

- **ডায়গনস্টিক টেস্ট:** বর্তমানে কারোর COVID-19 হয়েছে কিনা (অর্থাৎ তারা বর্তমানে অসুস্থ কিনা) তা নির্ণয় করতে সোয়াব বা লালা পরীক্ষা।
- **অ্যান্টিবডি টেস্ট (সেরোলজি টেস্টও বলা হয়ে থাকে):** অতীতে কোনো সময়ে কারোর COVID-19 হয়েছিল কিনা তা নির্ণয় করতে রক্ত পরীক্ষা করা হয়।

বর্তমান সংক্রমণের জন্য ডায়গনস্টিক টেস্ট

ডায়গনস্টিক টেস্টিং কীভাবে করা হয়?

আপনার নাকে বা গলায় একটি সোয়াব (একটি লম্বা কিউ-টিপের মতো) ঢুকিয়ে বা আপনার লালা সংগ্রহ করে একটি ডায়গনস্টিক টেস্ট করা হয়। সাধারণ সোয়াব বা লালার নমুনা একটি ল্যাভে পাঠাতে হয়, যদিও কিছু টেস্ট স্বাস্থ্য সেবা প্রদানকারীর অফিসেও করা যেতে পারে। আপনার যদি COVID-19 এর [উপসর্গগুলি](#) থাকে তাহলে টেস্টের ফলাফলের জন্য অপেক্ষা করার সময়টিতে আপনার যতটা সম্ভব বাড়িতে থাকা উচিত (এবং, ফলাফল পজিটিভ আসলে, বাড়িতে থাকা অবিরত রাখুন)।

কার একটি COVID-19 ডায়গনস্টিক টেস্ট করানো উচিত?

সকল নিউ ইয়র্কবাসীর COVID-19 এর জন্য পরীক্ষা করানো উচিত। আপনার কোনো [উপসর্গ](#) থাকলে, COVID-19 নির্ণীত হয়েছে এমন কারোর ঘনিষ্ঠ সান্নিধ্যে থাকলে, সম্প্রতি একটি প্রতিবাদে বা অন্য কোনো বড় জনসমাবেশে যোগদান করে থাকলে, [গুরুতর অসুস্থতার ঝুঁকি আছে এমন কাউকে](#) দেখতে যাওয়ার পরিকল্পনা করলে, একটি গোষ্ঠীবদ্ধ আবাসিক সেটিংয়ে বসবাস বা কাজ করলে (যেমন একটি নার্সিং হোম), স্বাস্থ্য সেবার কাজ করলে বা এমন কোনো কাজ যাতে অন্যদের সাথে নিয়মিত ঘনিষ্ঠ সংযোগ হয়, এই সব ক্ষেত্রে পরীক্ষা করিয়ে নেওয়া বিশেষভাবে জরুরি। একটি টেস্টিং সাইট খুঁজে বার করতে

nyc.gov/covidtest।

একটি ডায়গনস্টিক টেস্টের ফলাফল ইতিবাচক বা পজিটিভ আসার অর্থ কী?

টেস্টের একটি **পজিটিভ** ফলাফল আসার অর্থ হল যে **আপনার এখন খুব সম্ভবত COVID-19 হয়েছে** এবং আপনার বাড়িতে থাকা উচিত এবং একটি মুখের আবরণ ব্যবহার করা এবং হাতের উন্নত স্বাস্থ্যবিধি পালন এবং শারীরিক দূরত্ব বজায় রাখা সহ, অন্যদের মধ্যে ভাইরাসটির ছড়িয়ে পড়ার ঝুঁকি হ্রাস করতে সাবধানতা অবলম্বন করা উচিত। আপনি অসুস্থ থাকাকালীন কী করবেন, আপনার পরিবারের অন্যদের কীভাবে সুরক্ষিত রাখবেন, আপনি কখন বাড়ি থেকে বেরোতে পারবেন সে সম্পর্কে তথ্য

nyc.gov/health/coronavirus এ উপলব্ধ।

একটি টেস্টের ফলাফল নেতিবাচক বা নেগেটিভ আসার অর্থ কী?

টেস্টের একটি **নেগেটিভ** ফলাফল আসার অর্থ হল যে সম্ভবত আপনার এখনও COVID-19 **হয়নি**। আপনার হাতের উন্নত স্বাস্থ্যবিধি অনুশীলন করা এবং সামাজিক দূরত্ব বজায় রাখা এবং একটি মুখের আবরণ পরা অবিরত রাখতে হবে। আপনার উপসর্গগুলি থাকলে এটি বিশেষ করে গুরুত্বপূর্ণ কারণ হতে পারে যে আপনার ভাইরাসটি আছে কিন্তু টেস্ট সেটি নির্ণয় করতে পারেনি।

অতীত সংক্রমণের জন্য অ্যান্টিবডি টেস্ট

অ্যান্টিবডিগুলি কী?

অ্যান্টিবডি হল বিশেষ প্রোটিন যা সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে শরীরের মধ্যে গড়ে ওঠে। একজন ব্যক্তির সামান্য বা কোনো উপসর্গ না থাকলেও সেগুলি গড়ে উঠতে পারে। সংক্রমণের পরে অ্যান্টিবডিগুলি গড়ে উঠতে এবং রক্তে নির্ণয়যোগ্য হতে সাধারণত কিছু সময় লাগে। কখনও কখনও অ্যান্টিবডিগুলি সেই সংক্রমণ আবার হওয়া থেকে আমাদের রক্ষা করে, কিন্তু **COVID-19 এর ক্ষেত্রে এটা সত্যি কিনা তা আমরা জানি না।** কারোর COVID-19 হওয়ার পরে কত তাড়াতাড়ি অ্যান্টিবডিগুলি গড়ে ওঠে বা এই সংক্রমণটির প্রতিক্রিয়ায় ব্যক্তির শরীরে গড়ে ওঠা অ্যান্টিবডির পরিমাণ এবং ধরনের সম্ভাব্য পার্থক্য সম্পর্কেও আমরা এখনও জানি না।

COVID-19 অ্যান্টিবডি টেস্টিংয়ের উদ্দেশ্য কী?

অ্যান্টিবডি টেস্টিং, ভাইরাসটির ক্ষেত্রে শরীর কীভাবে প্রতিক্রিয়া জানায় এবং উপসর্গগুলি থাকলে ভাইরাসটি কত ঘনঘন একটি সংক্রমণের কারণ হতে পারে তা সহ, COVID-19 সম্পর্কে আরো ভালো বুঝতে আমাদের সহায়তা করে। কতজনের COVID-19 হয়ে থাকতে পারে তা আন্দাজ করতেও এটি আমাদের সহায়তা করতে পারে। **এই টেস্টগুলি জনস্বাস্থ্যের জন্য গুরুত্বপূর্ণ কিন্তু ব্যক্তিগত স্বাস্থ্যের জন্য ব্যাখ্যা করা কঠিন, যেহেতু আমরা এখনও জানি না যে অ্যান্টিবডিগুলি মানব শরীরে এই ভাইরাসটি প্রতিরোধ করে কিনা।**

কারা একটি অ্যান্টিবডি টেস্ট করতে পারবেন?

কেউ অসুস্থ হলে অ্যান্টিবডি গড়ে উঠতে সময় লাগে, তাই কেউ বর্তমানে অসুস্থ থাকলে বা কয়েকদিন আগে অসুস্থ হয়েছিলেন, এরকম হলে, অ্যান্টিবডি টেস্টিং নির্ভুল হবে না। COVID-19 এর উপসর্গগুলি আছে, গত দু সপ্তাহের মধ্যে COVID-19 এর উপসর্গগুলি ছিল, বা গত দু সপ্তাহের (নমুনা সংগ্রহের তারিখের উপর নির্ভর করে) মধ্যে COVID-19 এর জন্য ভাইরাস টেস্টের একটি ইতিবাচক ফলাফল এসেছিল এমন কারোর ওপর অ্যান্টিবডি টেস্টিং করা উচিত নয়।

অ্যান্টিবডি টেস্টিং কীভাবে করা হয়?

অ্যান্টিবডি টেস্টিং এর জন্য একটি আঙুলের ডগায় সূচ ফুটিয়ে সেই রক্ত নেওয়ার (ফিঙ্গার স্টিকের) মাধ্যমে বা আপনার হাতের একটি শিরা থেকে রক্ত নিতে হবে। আপনার রক্তের নমুনা তারপর একটি ল্যাবে পাঠানো হবে।

একটি অ্যান্টিবডি টেস্টের ফলাফল ইতিবাচক বা পজিটিভ আসার অর্থ কী?

টেস্টের ফলাফল **পজিটিভ** আসার মানে আপনার রক্তে অ্যান্টিবডি নির্ণীত হয়েছে এবং **অতীতে কোনো না কোনো সময় আপনি সম্ভবত COVID-19 এ সংক্রমিত হয়েছিলেন।** যদিও, এটিও হতে পারে যে অতীতে আপনার COVID-19 হয়নি এবং নির্ণীত অ্যান্টিবডি একটি সম্পর্কিত ভাইরাসের সংক্রমণের থেকে হয়েছে। এটিকে কখনও কখনও ফলস পজিটিভ বলা হয়ে থাকে।

আমি পজিটিভ পরীক্ষিত হলে, তার মানে কি এই যে আমি COVID-19 প্রতিরোধে সক্ষম?

COVID-19 এর প্রতিক্রিয়ায় যে অ্যান্টিবডি গড়ে ওঠে তা আমাদের আবার সংক্রমিত হওয়া থেকে প্রতিরোধ করে কিনা, বা কিছুটা প্রতিরোধ করলেও, সেটি কতদিন থাকে, তা আমরা এখনও জানি না। আপনার জন্য, শারীরিক দূরত্ব বজায় রাখা এবং হাতের উন্নত স্বাস্থ্যবিধির পরামর্শগুলি পালন করা এবং একটি মুখের আবরণ পড়া গুরুত্বপূর্ণ।

একটি অ্যান্টিবডি টেস্টের ফলাফল নেতিবাচক বা নেগেটিভ আসার অর্থ কী?

একটি টেস্টের ফলাফল **নেগেটিভ** আসার মানে হল যে আপনার রক্তে অ্যান্টিবডি খুঁজে পাওয়া যায় নি এবং এই যে আপনার খুব সম্ভবত COVID-19 ছিল **না**। যদিও, এর মানে এও হতে পারে যে আপনার COVID-19 ছিল কিন্তু:

- অ্যান্টিবডি গড়ে ওঠার জন্য পর্যাপ্ত সময় পাওয়া যায় নি, **বা**
- অ্যান্টিবডিগুলি নির্ণয় করতে টেস্টটির যত পরিমাণ অ্যান্টিবডি প্রয়োজন আপনার শরীর ততখানি অ্যান্টিবডি তৈরি করতে পারেনি; **বা**
- ব্যবহার করা অ্যান্টিবডি টেস্টটির নির্ভুলতা নিয়ে সমস্যা আছে।

আমার টেস্টের ফলাফল ইতিবাচক এলে, আমার পরিবার এবং অন্যান্যদের সাথে আমার থাকাটা কি নিরাপদ?

টেস্টের ফলাফল ইতিবাচক আসার মানে অতীতে কোনো না কোনো সময় আপনি সম্ভবত COVID-19 এ সংক্রমিত হয়েছিলেন। নির্দীপ্ত সময় ইতিমধ্যে পেরিয়ে গেছে, সম্ভবত আপনি আর সংক্রমিত নন। যদিও, আমরা এখনও জানি না যে আপনার আবার COVID-19 হতে পারে কিনা।

আমার টেস্টের ফলাফল কি আমি কাজে যেতে পারা বা না পারাকে প্রভাবিত করবে?

না। কাজে যাওয়া সম্পর্কে আপনার বা আপনার নিয়োগকারীর সিদ্ধান্ত নেওয়ার জন্য একটি ইতিবাচক বা নেতিবাচক টেস্টের ফলাফল ব্যবহার করা যাবে না। আপনার টেস্টের ফলাফল যাই হোক না কেন আপনাকে একটি মুখের আবরণ পরা এবং আপনার নিয়োগকারীর পরামর্শ মতো ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম ব্যবহার করা অব্যাহত রাখতে হবে।

পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর (NYC Health Department) তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

7.13.20